দৈনিক জনকণ্ঠ

তারিখ FEB. 06 2000
পৃষ্ঠা ... কলাম ...

# নয়াদিল্লীতে সহস্রাব্দের প্রথম বিশ্ব বই মেলার উদ্বোধন

অরুণ চক্রবর্তী, নয়াদিল্লী থেকে ॥ সহস্রাব্দের প্রথম বিশ্ব বইমেলা শুরু হলো শনিবার ভারতের রাজধানীতে। ১৪তম নয়াদিল্লী বিশ্ব বইমেলা নামে খ্যাত এই মেলার উদ্বোধন করলেন ভারতের প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ী। প্রায় ২৮ হাজার বর্গমিটার এলাকা জুড়ে আয়োজিত এই বিশাল মেলায় অংশ নিচ্ছে ১২৫১টি প্রকাশক ও ২৭টি দেশ। তারমধ্যে বাংলাদেশের যোগদান অন্যতম। অনুষ্ঠানে এবারের সম্মানীয় অতিথি হিসাবে এসেছেন প্রখ্যাত ঐতিহাসিক ও দক্ষিণ এশিয়া বিষয়ক বিশারদ অধ্যাপক মিলটন ইজরায়েল।

ভারতে বইমেলার প্রথম রূপকার ন্যাশনাল বুক ট্রাস্ট ইন্ডিয়া এই মেলার আয়োজক। ১৯৬৬ সালে বোম্বাইয়ে প্রথম জাতীয় বইমেলা আয়োজনের পর ১৯৭২ সালে মাত্র ৮ হাজার বর্গমিটার এলাকা নিয়ে আয়োজিত হয়েছিল প্রথম বিশ্ব বইমেলা। সেই মেলায় ২০০ প্রকাশক ও ২৪টি দেশ অংশ নিয়েছিল।

এবার যে দেশগুলো অংশ নিয়েছে তাদের মধ্যে রয়েছে বাংলাদেশ, মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, সিঙ্গাপুর, বেলজিয়াম, মিসর, মরিশাস, কুয়েত, কোরিয়া, পাকিস্তান, জার্মানি, ইরান, ইতালি, কাজাখস্তান, জিম্বাবুইয়ে, রাশিয়া, জাপান, ইসরাইল, নেপাল, অষ্ট্রিয়া, শ্রীলঙ্কা, ফ্রান্স, হাঙ্গেরি, পর্তুগাল, ব্রাজিল, কলাম্বিয়া ও মালয়েশিয়া। ১৪তম নয়াদিল্লী বিশ্ব বইমেলার এবারের থীম শিশু সাহিত্য। এই উপলক্ষে সারা বিশ্ব থেকে সংগৃহীত সেরা শিশু সাহিত্যের প্রদর্শনী এর অন্যতম আকর্ষণ।

বাংলাদেশের ন্যাশনাল বুক সেন্টার এই মেলায় বাংলাদেশের প্রতিনিধিত্ব করছে।